রোহিঙ্গা ও স্থানীয় জনগোষ্ঠীর সঙ্গে পরামর্শ সভা: মতামত ও প্রত্যাশা

রোহিঙ্গা সংকটের বর্তমান বাস্তবতা, প্রত্যাবাসনের সম্ভাবনা এবং ভবিষ্যৎ করণীয় সম্পর্কে রোহিঙ্গা ও স্থানীয় জনগোষ্ঠীর মতামত ও প্রত্যাশা জানতে NeetGobeshona Kendro (NGK)-এর উদ্যোগে কক্সবাজারে অনুষ্ঠিত হয়েছে "রোহিঙ্গা ও স্থানীয় জনগোষ্ঠীর সঙ্গে পরামর্শ সভা: মতামত ও প্রত্যাশা" শীর্ষক আলোচনা সভা।

৫ নভেম্বর ২০২৬, বৃহস্পতিবার, কক্সবাজারের হোটেল বিচ ভিউতে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কক্সবাজার-৪ আসনের সংসদ সদস্য জনাব শাহজাহান চৌধুরী।

অনুষ্ঠানে সাংবাদিক, সামাজিক ও মানবাধিকারকর্মী এবং বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক বেসরকারি সংস্থার (NGO ও INGO) প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। আলোচনায় রোহিঙ্গা সংকটের বহুমাত্রিক প্রভাব, প্রত্যাবাসন প্রক্রিয়ার চ্যালেঞ্জ, স্থানীয় জনগোষ্ঠীর প্রত্যাশা এবং সংকটের টেকসই সমাধানে সংশ্লিষ্ট অংশীজনদের ভূমিকা নিয়ে মতবিনিময় হয়।

রোহিঙ্গা সংকটের সমাধানে সংশ্লিষ্ট জনগোষ্ঠীর কণ্ঠস্বর, অভিজ্ঞতা ও প্রত্যাশাকে গুরুত্ব দিয়ে অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর নীতিগত উদ্যোগ গ্রহণের ওপর সভায় গুরুত্বারোপ করা হয়।






Neeti Gobeshona

